

আইডিয়াল কমার্স কলেজের শিক্ষা সপ্তাহ সমাপ্ত

‘ব্যবসায় শিক্ষায় আধুনিকতার
ছোঁমা’ এই শ্লোগানকে স্মরণে
রেখে ধূমপান ও রাজনীতিমুক্ত
সুশৃঙ্খল একটি অনন্যসাধারণ
ক্যাম্পাসের নিশ্চয়তাসহ উন্নত ও
মুগ্ধোৎসাহী শিক্ষাক্ষেত্রের একটি
পরিষদ ও ব্যতিক্রমধর্মী নাম
আইডিয়াল কমার্স কলেজ।
কলেজটির প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী
উদযাপন উপসর্কে সহশিক্ষা
কার্যক্রমের আওতায় সত্তাহব্যাপী
বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা
হয়। গত ২ জুলাই উদ্বোধনী পর্ব
ও বর্ণাঢ্য র্যাপি, ৩ ও ৪ জুলাই
খেলাধুলা ও সাংস্কৃতিক
প্রতিযোগিতা, ৫ জুলাই সেমিনার
ও উন্নত আশোচনার আয়োজন
করা হয়।

সত্তাহব্যাপী কর্মসূচীর মধ্যে ৭ জুলাই, ২০০৫ সমাপনী
পর্বে কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ঢাকার অতিরিক্ত
জেলা প্রশাসক মোঃ তৌহিদুর রহমানের সভাপতিত্বে
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী
এম ওসমান ফারুক এমপি, বিশেষ অতিথি মাধ্যমিক ও
উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের (ঢাকা) চেয়ারম্যান প্রফেসর
শাহেদা ওবায়েদ ও কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ এমএ
হালিম পাটওয়ারী টিটো এবং কলেজ পরিচালনা পরিষদের



আইডিয়াল কমার্স কলেজের (আবদুল হালিম পাটওয়ারী ফাউন্ডেশন কর্তৃক
পরিচালিত) ক্যাম্পাস-২-এর উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এমপি।
এ সময় উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ আবদুল হালিম পাটওয়ারী ও কলেজ
পরিচালনা পরিষদের সভাপতি মোঃ তৌহিদুর রহমান

সম্মানিত সদস্যবৃন্দ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি প্রফেসর শাহেদা ওবায়েদ বলেন,
মাত্র এক বছরের কলেজটি সত্তাহব্যাপী অনুষ্ঠানের মাধ্যমে
প্রমাণ করল প্রকৃতপক্ষে এ কলেজটি অন্যান্য কলেজের
তুলনায় ব্যতিক্রমধর্মী এবং তিনি এ কলেজের সম্বন্ধশালী
লাইব্রেরী, সুসজ্জিত কম্পিউটার ল্যাব, সুদৃক পরিচালনা ও
উপদেষ্টা কমিটি, কলেজটির পরীক্ষা পদ্ধতি, আবাসিক
সুব্যবস্থা ও কলেজ ক্যান্টিন ইত্যাদির তৃপ্তী প্রসঙ্গ
করেন।—বিজ্ঞপ্তি।